

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

.....

কোন মানুষকে আল্লাহ কিভাবে, হেকমত ও নরুওয়ত দান করার পর সে বলবে যে, 'তোমরা আল্লাহকে পরিহার করে আমার বান্দা হয়ে যাও'-এটা সম্ভব নয়।

সূরা আল ইমরান ৭৯

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শুক্রবার ॥ ০২ অক্টোবর ২০২৬ ॥ ২০ রবিঃ সানিঃ ১৪৪৮ ॥ ১৭ আশ্বিন ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১১৮ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা



অনাকাক্ষিত ঘটনাকে পুঁজি করে অরাজকতার চেষ্টা চলছে: প্রধানমন্ত্রী
কীর্তনখোলা ডেস্ক
কিছু রাজনৈতিক দল অনাকাক্ষিত ঘটনাকে পুঁজি করে দেশে অরাজকতা সৃষ্টির চেষ্টা করছে বলে অভিযোগ করেছেন ২ এর পাতায় দেখুন



ডিসেম্বর ডিসেম্বর করছেন কেন, ডিসেম্বর তো বিজয়ের মাস: স্বরাষ্ট্রমন্ত্রী
কীর্তনখোলা ডেস্ক
'ডিসেম্বর ডিসেম্বর করছেন কেন, ডিসেম্বর তো আমাদের বিজয়ের মাস। ডিসেম্বরে কোনো অপশক্তি এখানে অস্থিরতা ২ এর পাতায় দেখুন



সাংগঠনিক পদক্ষেপ যথেষ্ট নয়, কঠোর শান্তি নিশ্চিত করতে হবে: শফিকুর রহমান
কীর্তনখোলা ডেস্ক
রাজধানীর মিরপুরে রাড্ডা এমসিএইচ-এফপি সেন্টার গুঁড়িয়ে দেওয়ার ঘটনায় বিএনপির সংরক্ষিত নারী আসনের সংসদ ২ এর পাতায় দেখুন



বাস্তবতা বুঝে জানুয়ারি থেকে জুনের মধ্যে স্থানীয় ভোট: ইসি সচিব
কীর্তনখোলা ডেস্ক
নির্বাচন কমিশনের (ইসি) সিনিয়র সচিব আখতার আহমেদ বলেছেন, বাস্তবতা বিবেচনায় জানুয়ারি থেকে জুনের ২ এর পাতায় দেখুন

বরিশালে সাবেক শিক্ষিকার হাত-পা বাঁধা লাশ উদ্ধার

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর একটি তালাবদ্ধ ফ্ল্যাট থেকে আমিনা খানম (৬৫) নামের অবসরপ্রাপ্ত এক প্রাথমিক বিদ্যালয় শিক্ষিকার হাত-পা বাঁধা মরদেহ উদ্ধার করেছে পুলিশ। ধারণা করা হচ্ছে, অন্তত দুই দিন আগে তাকে হত্যা করা হয়েছে। বৃহস্পতিবার পুলিশ গিয়ে ফ্ল্যাটের দরজা ভেঙে তার মরদেহ উদ্ধার করে। নিহত আমিনা খানম হিজলা উপজেলার দুর্গাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা ছিলেন। তিনি বরিশাল নগরীর আমানতগঞ্জ এলাকার বোকোয়া আজিম সড়কের একটি ভবনের দুই তলার ফ্ল্যাটে একা ভাড়া থাকতেন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, নিহত আমিনা খানমের দুই ছেলের মধ্যে বড় ছেলে রিফাত ঢাকায় ব্যাংকে চাকরি করেন এবং ছোট ছেলে রিয়াদ হিজলার গ্রামের বাড়িতে থাকেন। বুধবার বিকেল থেকে আমিনার বন্ধ ফ্ল্যাট থেকে দুর্গন্ধ ছড়াতো থাকে। বিষয়টি বাড়ির মালিককে জানালে তিনি ওই নারীর বড় ছেলেকে খবর দেন। সকালে



বড় ছেলে বরিশাল এসে দরজা তালাবদ্ধ দেখে কাউনিয়া থানায় খবর দেন। পরে পুলিশ গিয়ে দরজা ভেঙে ভেতরে খাটের ওপর হাত-পা বাঁধা অবস্থায় মরদেহ উদ্ধার করে। কাউনিয়া থানার পরিদর্শক (তদন্ত) কামাল হোসেন জানান, মরদেহে পচন ধরে দুর্গন্ধ ছড়িয়েছে। এতে

মনে হচ্ছে, অন্তত দুই দিন আগে তার মৃত্যু হয়েছে। তবে শরীরে কোনো আঘাতের চিহ্ন পাওয়া যায়নি। ঘটনার রহস্য উদ্‌ঘাটনে নিহত নারীর দুই ছেলেকে থানায় রেখে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। পাশের ফ্ল্যাটের তানিয়া জানান, গত মঙ্গলবার তিনি শেখবার আমিনা বেগমকে দেখেছিলেন। এরপর ঘরের বাইরে তালি খুলতে দেখে সবাই ভেবেছিলেন, তিনি কোথাও বেড়াতে গেছেন। ফ্ল্যাটের মালিক রিনা বেগম জানান, এক বছর আগে

আমিনা বেগম ফ্ল্যাট ভাড়া নিয়ে একাই থাকতেন। তার দুই সন্তান মাঝে মাঝে মায়ের কাছে আসতেন। তিনি ভবনের অন্যদের সঙ্গে তেমন মিশতেন না। ফ্ল্যাটের ২ এর পাতায় দেখুন

দেশে প্রথমবারের মতো জাতীয় তাকসির প্রতিযোগিতা নিবন্ধন ২ হাজার ৫৮০ জনের

কীর্তনখোলা ডেস্ক

দেশে প্রথমবারের মতো আয়োজিত জাতীয় তাকসির প্রতিযোগিতায় ব্যাপক সাড়া পাওয়া গেছে। প্রতিযোগিতায় অংশ নিতে ২ হাজার ৫৮০ জন নিবন্ধন করেছেন। আগামী ১০ অক্টোবর সকাল ১০টার দেশের আটটি বিভাগীয় শহরে একযোগে অভিন্ন প্রশ্নগুণে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। বৃহস্পতিবার (১ অক্টোবর) ইসলামিক ফাউন্ডেশনের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। ইসলামিক ফাউন্ডেশন জানায়, নিবন্ধিত প্রতিযোগীদের নিয়ে প্রথমে বিভাগীয় পর্যায়ে লিখিত পরীক্ষা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন। নিবন্ধনকারীদের মধ্যে ঢাকা বিভাগে ৯১০ জন, চট্টগ্রামে ৫৪০, রাজশাহীতে ১৯৬, খুলনায় ২ এর পাতায় দেখুন



৫৩তম জাতীয় স্কুল মাদরাস গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা উদ্বোধন করেন বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন

ডেস্কুতে সেপ্টেম্বরেই মৃত্যু ১৫২ জন

কীর্তনখোলা ডেস্ক

দেশে গত নতুন করে ডেস্কুতে মোট ২৪৯ জনের মৃত্যু হলো। এর মধ্যে শুধু আগস্ট মাসেই মারা গেছেন ৪৩ জন। এছাড়া হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ১ হাজার ৯৭৮ জন। বৃহস্পতিবার (১ অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের ডেস্কবিষয়ক নিয়মিত বুলেটিনে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী,

এ নিয়ে চলতি বছর ডেস্কুতে মোট ২৪৯ জনের মৃত্যু হলো। এর মধ্যে শুধু আগস্ট মাসেই মারা গেছেন ৪৩ জন। এছাড়া হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ১৫২, জুলাইয়ে ৩৬ জন, জুনে ১৩ জন, মে মাসে একজন এবং জানুয়ারি ও ফেব্রুয়ারিতে দুজন করে ডেস্কু রোগীর মৃত্যু হয়েছে। বুলেটিনে জানানো হয়, বুধবার সকাল ৮টা

থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় দেশের বিভিন্ন হাসপাতালে ডেস্কু আক্রান্ত হয়ে ১ হাজার ৯৭৮ জন ভর্তি হয়েছেন। এ নিয়ে চলতি বছর হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৮১ হাজার ৫৯৮ জনে। গত ২৪ ঘণ্টায় হাসপাতাল থেকে সুস্থ হয়ে ছাড় পেয়েছেন ১ হাজার ৮০৯ জন। এ পর্যন্ত সুস্থ হয়ে ২ এর পাতায় দেখুন

সংঘাত ছেড়ে সমঝোতার পরিবেশ সৃষ্টি করতে হবে: রষ্ট্রপতি

কীর্তনখোলা ডেস্ক

সংঘাত ও প্রতিহিংসার সংস্কৃতি পরিহার করে দেশে রাজনৈতিক সমঝোতা গড়ে তোলার আহ্বান জানিয়েছেন রষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, রাজনৈতিক সমঝোতা ছাড়া দেশ যথাযথভাবে আগাতে পারে না। বৃহস্পতিবার (১ সেপ্টেম্বর) বঙ্গবন্ধু এম.বি.এ. অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ম্যাব)-এর একটি প্রতিনিধিদলের সঙ্গে সৌজন্য সাক্ষাতকালে রষ্ট্রপতি এ আহ্বান জানান। এ সময় সংগঠনটির প্রশংসা করে রষ্ট্রপতি বলেন, প্রতিষ্ঠানটি দেশের বিভিন্ন ক্ষেত্রে তাদের যোগ্যতার স্বাক্ষর রেখে চলেছেন, দেশের উন্নয়ন ও অগ্রগতিতে তাৎপর্যপূর্ণ অবদান রাখছেন। তিনি আরও বলেন, ফ্যাসিস্ট সরকারের মিথ্যাচারের বিরুদ্ধে সংগঠনটি গবেষণামূলক সত্য তথ্য দিয়ে জনগণকে সচেতন ও গণতান্ত্রিক উত্তরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। রষ্ট্রপতি বলেন, একে অন্যকে দোষারোপ, প্রতিপক্ষকে ক্ষতিগ্রস্ত করা ও মামলা-মোকদ্দমার ২ এর পাতায় দেখুন

ভারতীয় নাগরিক এবার গুণ্ডচরবৃত্তির মামলায় রিমাডে

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশে ধ্বংসাত্মক অপরাধে জড়িত থাকার সন্দেহে ৫৪ ধারায় গ্রেফতার ভারতীয় নাগরিক রবিউল ইসলামের বিরুদ্ধে এবার গুণ্ডচরবৃত্তির অভিযোগে অফিসিয়াল সিক্রেটস অ্যাক্টে মামলা করা হয়েছে। দুই দফায় রিমাডে জিজ্ঞাসাবাদে গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া গেছে দাবি করে তার বিরুদ্ধে রাজধানীর উত্তরা পশ্চিম থানায় নিয়মিত মামলা করা হয়। বৃহস্পতিবার (১ অক্টোবর) গোয়েন্দা পুলিশের (ডিবি) রমনা বিভাগের পরিদর্শক মেজবাহ উদ্দিন বাদী হয়ে মামলা দায়ের করেন। পরে তাকে আদালতে হাজির করে এ মামলায় মামলার দশ দিনের রিমাড চেয়ে আবেদন করেন ডিবি পুলিশের পরিদর্শক নূর আলম। শুনানি শেষে ঢাকার অতিরিক্ত চিফ ম্যেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট সেকাডুগ্রাহ সাত দিনের রিমাড মঞ্জুর করেন। ২ এর পাতায় দেখুন



প্রধানমন্ত্রীর তারেক রহমানের নির্দেশে মহানগর যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক মরহুম গাজী (জিএম) মনিরের পরিবারে হাতে নগদ পাচ লাখ টাকা হুসে দেন কেন্দ্রীয় যুবদলের সভাপতি মোনোম মুন্সী। এ সময় উপস্থিত ছিলেন কেন্দ্রীয় ও স্থানীয় যুবদল নেতৃবৃন্দ

-কীর্তনখোলা

স্টেডিয়াম সংস্কার বাকি ২০ শতাংশ ডিসেম্বরে বরিশালে ফিরতে পারে জাতীয় ক্রিকেট

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে কবি জীবনানন্দ দাস স্টেডিয়ামের পুনঃসংস্কার কাজ প্রায় ৮০ শতাংশ শেষ হয়েছে। বৃহস্পতিবার (১ অক্টোবর) দুপুর ডিসেম্বরে জাতীয় পর্যায়ের ক্রিকেট টুর্নামেন্ট গুরুর আগেই জীবনানন্দ দাস স্টেডিয়াম পরিদর্শন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) গ্রাউন্ডস কমিটির চেয়ারম্যান শাহনিয়ান তানিম। বৃহস্পতিবার (১ অক্টোবর) দুপুর সাড়ে ১২টার দিকে বরিশাল কবি জীবনানন্দ দাস স্টেডিয়াম পরিদর্শন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা

বলেন। এর আগে তিনি স্টেডিয়ামের মাঠ, মাঠসংলগ্ন বিভিন্ন স্থাপনা ও সংশ্লিষ্ট ভবনগুলো ঘুরে দেখেন। সংস্কারকাজের অগ্রগতি এবং মাঠ হস্তান্তরের প্রস্তুতি সম্পর্কেও সংশ্লিষ্ট ব্যক্তিদের সঙ্গে কথা ২ এর পাতায় দেখুন

৬৪ জেলায় ফ্রিল্যান্সিং ও এআই প্রশিক্ষণ উদ্বোধন করলেন ক্রীড়া প্রতিমন্ত্রী

ভোলা প্রতিনিধি

একযোগে দেশের ৬৪ জেলায় ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের অষ্টম ব্যাচ এবং কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রশিক্ষণের দ্বিতীয় ব্যাচের কার্যক্রমের উদ্বোধন করেছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো. আমিনুল হক। বৃহস্পতিবার (১ অক্টোবর) দুপুরে ভোলা জেলা শহরের শিল্পকলা একাডেমিতে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত হয়ে সারা দেশে এ প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন



করেন তিনি। এ সময় ভার্চুয়ালি দেশের ৬৪ জেলা থেকে ৬ হাজার ৪০০ প্রশিক্ষণার্থী এবং জেলা যুব উন্নয়ন অধিদপ্তর উপপরিচালক, জেলা প্রশাসকসহ প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন কর্মকর্তারা অনুষ্ঠানে যুক্ত হন। সংশ্লিষ্টরা জানান, দেশের ৬৪ জেলায় শিক্ষিত

কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় অষ্টম ব্যাচে ৪ হাজার ৮০০ জন ২ এর পাতায় দেখুন



সম্পাদক থেকে গঠক, সকলের মুক্ত মত.....

হ্যালো ৯৯৯

মহাসড়ক থ্রি-লুইলারের দখলে

বরিশাল-ঢাকা মহাসড়ক কার্যত অলংকৃত হয়ে পড়ছে। ট্রাফিক পুলিশের নিষ্ক্রিয়তা আর নানা প্রকার অনিয়ম-উচ্ছৃঙ্খলতার কারণে অত্যন্ত বাস্তব এই সড়কটি পরিণত হয়েছে মৃত্যুর ভাণ্ডারে। দিন চলাচলের অযোগ্য এই রাস্তায় বাড়ছে মানুষের মৃত্যুর মিছিল।

এই মহাসড়কের সবচেয়ে বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছে তিনচাকার গাড়িগুলো। বরিশাল থেকে ভাঙ্গা পর্যন্ত রাস্তা অধিকাংশ স্থান বানান্দমকে ভরা হওয়ায় এই তিনচাকার গাড়িগুলো প্রায়ই ভাঙা যায়গা এড়াতে টালমাটাল ভাবে চলাফেরা করছে। যার কারণে দুর্ঘটনাপ্রবণ দ্রুতগামী পরিবহনসমূহ তাদের গতির টাল সামলাতে হিমশিম খাচ্ছে। এই রাস্তায় চলতে গিয়ে দেখা গেছে বেপরোয়া গতি মাহিন্দা আর টালহীন ব্রেকের হলার ইল্ডনওয়াল টমটম থেকে শুরু করে নিজস্ব ব্যবস্থায় প্যাডেল ভ্র্যানে মোটর লাগিয়ে যান্ত্রিক গাড়ি বানিয়ে ফেলা তিনচাকার স্বল্প গতির গাড়িও যাত্রী নিয়ে রাজার হালে নিজের মামু বাড়ির উঠোনের মতো যাচ্ছেতাইভাবে মহাসড়ক দিয়ে চলছে। ২ এর পাতায় দেখুন



রাজধানীতে বাউফলের সাবেক মেয়র জিয়াউল হক গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট
কার্যক্রম নিষিদ্ধ গুটয়াখালী জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও বাউফল পৌরসভার সাবেক মেয়র জিয়াউল হক জুয়েলকে গ্রেফতার করেছে পুলিশ (ডিবি)। বুধবার (৩০ সেপ্টেম্বর) দিনগত রাত ১২টার দিকে রাজধানীর বনানীতে বাসায় যাওয়ার পথে তাকে গ্রেফতার করা হয়। জানা গেছে, এ আগস্ট ২ এর পাতায় দেখুন

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলছিতি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাঙ্গরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বারুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আত্মহারা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয় বৈশিষ্ট্য

সাম্প্রতিক সময়ে দেশব্যাপী কিশোর গ্যাংয়ের যে দৌরাত্ম্য দেখা যাচ্ছে, তা অত্যন্ত উদ্বেগজনক। রাজধানী ঢাকা থেকে শুরু করে এমন কোনো শহরাঞ্চল নেই, যেখানে কিশোর গ্যাংয়ের দাপট নেই। আমাদের তিক্ত বাস্তবতা হলো এই, যে কিশোরদের বইখাতা নিয়ে স্কুল-কলেজে ব্যস্ত থাকার কথা, তারা ই চুরি, ছিনতাই, মাদক, খুনখারাবির মতো ভয়ংকর অপরাধে জড়িয়ে পড়ছে। পরিস্থিতি এতটাই নাজুক যে নিরাপত্তা বাহিনীর অভিযানের মধ্যেও এসব কিশোর গ্যাংয়ের তৎপরতা বন্ধ হয়নি। খবরে বলা হয়, কিশোর অপ্রতিম হত্যাকাণ্ডের পর কুমিল্লাসহ দেশের বিভিন্ন স্থানে নিরাপত্তা বাহিনীর অভিযান জোরদার করা হয়েছে। বেশ কিছু স্থান থেকে সন্দেহভাজন বহু কিশোর অপরাধীকে আটকও করা হয়েছে। কিন্তু কিছুতেই তাদের দাপট নিয়ন্ত্রণ করা যাচ্ছে না। খবরে বলা হয়, রাজধানীতে কয়েক দিন ধরে দখলবাজি, ছিনতাইসহ বিভিন্ন অপরাধে কিশোর গ্যাং সদস্যদের সম্পৃক্ততার তথ্য পাওয়া গেছে। পুলিশের অভিযানে এক কুমিল্লা থেকেই আট শতাধিক সন্দেহভাজন আটক করা হয়েছে। ওই শহরে বিভিন্ন অপরাধে সক্রিয় রয়েছে অন্তত ১৫টি চক্র। বিভিন্ন ঞ্চপে রয়েছে প্রধান, উপ-প্রধান। তারা ই কিশোরদের দিয়ে নানা অপরাধ করায় এদের নামধাম এরই মধ্যে পুলিশের কাছে এসেছে। অন্যদিকে মহানগরসহ চট্টগ্রাম অঞ্চলে আরও পাখাচাড়া দিয়ে উঠছে কিশোর অপরাধীদের বিস্তার চক্র। আরো বড় ভাইয়ের আত্মগোপনে থাকায় নতুন বড় ভাইদের পৃষ্ঠপোষকতায় কিশোররা অপরাধে জড়াচ্ছে। মারামারি, ছিনতাই, চাঁদাবাজি, এমনকি খুনাখুনিতেও তারা জড়াচ্ছে। দেশের আরেক অঞ্চল খুলনাজুড়ে দাপিয়ে বেড়াচ্ছে কমপক্ষে ১০টি চক্রের কিশোর অপরাধীরা। স্থানীয় পুলিশের তথ্য অনুযায়ী, চলতি বছরের প্রথম আট মাসে খুলনায় ৫৮টি হত্যাকাণ্ড ঘটেছে। এর মধ্যে উল্লেখযোগ্যসংখ্যক হত্যায় জড়িতদের বেশির ভাগই উঠতি বয়সের। বরিশাল বিভাগের ছয় জেলায় কিশোর অপরাধীদের কমপক্ষে ৫০টি চক্রের প্রায় দুই হাজার সদস্য রয়েছে। বিভিন্ন স্থানে প্রকাশ্যে অস্ত্রের মহড়া, ছিনতাই, সংঘর্ষের মতো অস্টান ক্যামেরাবাদি করে তারা নিজেরাই ছড়িয়ে দেয় সামাজিক যোগাযোগ মাধ্যমে। বলা বাহুল্য, আরো খেঁজখবর নিলে এই ফিরিাল্ড আরো দীর্ঘ হবে। বিশেষজ্ঞরা মনে করেন, কিশোর অপরাধ বেড়ে যাওয়ার পেছনে অনেক কারণ থাকে। পারিবারিক টানাপড়েন, ক্ষোভ, হতাশা থেকে অনেকেই অপর্যাপ্ত জগতের দিকে পা বাড়ায়। এ ছাড়া স্নহ বয়সে ধূমপান, মাদকের মতো অভ্যাসও পর্যায়ক্রমে চুরি-ছিনতাইয়ের মতো অপরাধের দিকে নিয়ে যায়। এ ছাড়া এলাকায় রাজনৈতিক প্রভাব তো আছেই। পাশাপাশি কর্মসংস্থানের অভাব, শিক্ষিত-বেকার বৃদ্ধির কারণেও অনেক তরুণ হতাশাগ্রস্ত হয়ে অপরাধচক্রের ছাড়াছাড়া জায়গা করে নেয়। সেনে করা হয়, সমাজে সুস্থ সংস্কৃতিচর্চার অভাবেও অপরাধীদের বাড়ুবাড়ন্ত হয়। দেশের আইনের শাসন নিয়ও রয়েছে প্রশ্ন। পুলিশ মাঠ পর্যায়ে কিশোরদের প্রেঙ্কার করলেও মূল পৃষ্ঠপোষকরা ধরাছোঁয়ার বাইরে থেকে যায়। প্রেঙ্কারের পর মুক্তি পেলে কিশোর অপরাধীদের বড় ভাইয়েরাই আবার গুরুত্ব করে। তাহলে অপরাধ নিয়ন্ত্রণে আবারে কী করে?

ডেঙ্গুতে সেক্টেম্বরেই মৃত্যু

বাড়ি ফিরেছেন ৭৫ হাজার ৬৯৯ জন। গত ২৪ ঘণ্টায় সবচেয়ে বেশি রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন ঢাকা বিভাগে, ৬৮৪ জন, খুলনা বিভাগে ২৫৬ জন, বরিশালে ২৬০, চট্টগ্রামে ৩৫৮ জন, ময়মনসিংহে ৯৪, রংপুরে ১০১ জন, রাজশাহী ২০৯ জন এবং সিলেটে ১১জন।

৬৪ জেলায় ফ্লিয়ার্সিং ও এআই প্রশিক্ষণ

এবং ‘তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির মাধ্যমে দক্ষতা উন্নয়ন’ প্রকল্পের আওতায় দ্বিতীয় ব্যাচে ১ হাজার ৬০০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন। অন্তুঠানে প্রধান অতিথির বক্তব্যে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো. আমিনুল হক বলেন, প্রযুক্তিনির্ভর কর্মসংস্থানের সুযোগ কাজে লাগাতে তরুণ-তরুণীদের দক্ষতা অর্জন করতে হবে। প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত জ্ঞান কাজে লাগিয়ে নিজেদের কর্মসংস্থান তৈরির পাশাপাশি দেশের অর্থনীতিতে অবদান রাখার আহ্বান জানান তিনি। এ ছাড়া যুব ও শিশুদের জন্য সরকারের নেওয়া নানান কর্মসূচি ও পদক্ষেপের কথাও জানান প্রতিমন্ত্রী। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মো. মাহবুব-উল-আলম বলেন, প্রশিক্ষণ কার্যক্রমের উদ্দেশ্য হচ্ছে তরুণদের কর্মবাজারের উপযোগী করে গড়ে তোলা। প্রশিক্ষণের মান এবং প্রশিক্ষণ পরবর্তী কর্মসংস্থানের বিষয়ে নজর রাখা হবে। এ ছাড়া ই-লার্নিং অ্যান্ড আর্নিং লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মাসুদ আলম বলেন, প্রশিক্ষণের পাশাপাশি প্রশিক্ষণার্থীদের নিয়মিত অনুশীলন করতে হবে। প্রশিক্ষণ শেষে কাজ পাওয়ার জন্য প্রয়োজনীয় দিকনির্দেশনা ও মেন্টরিংয়ের ওপর গুরুত্ব দেন তিনি। অন্তুঠানে ভোজার জেলা প্রশিক্ষক ডা. শামীম রহমানের সভাপতিত্বে আরও বক্তব্য দেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুগ্মসচিব ড. মো. মোহাম্মদ জোয়েয়েদ হোসেন, ভোজার পুলিশ সুপার মো. শহিদুল্লাহ কাওছার, ভোলা জেলা পরিষদের প্রশাসক গোলাম নবী আলমগীর, ভোলা জেলা বিএনপির সদস্য সচিব রাইসুল আলম। ই-লার্নিং অ্যান্ড আর্নিং লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মাসুদ আলম, যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তারা, প্রকল্প পরিচালক এবং প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ প্রমুখ বক্তব্য দেন। এদিকে অন্তুঠান শেষে বরিশাল বিভাগের ছয় জেলার ১৮ জন সফল ফ্লিয়ার্সিংয়ের সম্মাননা স্মারক দেওয়া হয় এবং এআই প্রশিক্ষণের প্রথম ব্যাচের ছয়জন প্রশিক্ষণার্থীকে সম্মাননা স্মারক দেওয়া হয়। এ ছাড়া ফ্লিয়ার্সিং প্রশিক্ষণে বরিশাল জেলার সর্বোচ্চ উদারায়কারী শরীফ মোহাম্মদ নাসরুল্লাহ, বরগনার ওসমান গনি, ঝালকাঠির মো. শাওন হাওলাদার, পিরোজপুরের মো. মঈনুল ইসলাম মঈন এবং পটুয়াখালীর মারুফা আমিনকে ল্যাপটপ পুরস্কার ছাড়াও অন্তুঠানে এআই প্রশিক্ষণ প্রকল্পের কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানগুলোর প্রধান এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদেরও সম্মাননা প্রদান করেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো. আমিনুল হক।

ডিসেম্বরে বরিশালে ফিরতে

বলেন শাহনিয়ান তানিম। এসময় শাহনিয়ান তানিম বলেন, স্টেডিয়ামের সংস্কার কাজই আনুযঙ্গিক সব কাজ আরও আগেই শেষ হওয়ার কথা ছিল। তবে এ জন্য আমি কাউকে দোষায়ের করতে চাই না। এখন মাঠ হস্তান্তর কার্যক্রম দ্রুত অগিয়ে নেয়া হচ্ছে। ডিসেম্বরের শেষে জাতীয় পর্যায়ের ক্রিকেট টুর্নামেন্ট সফলভাবে আয়োজনের প্রস্তুতি চলছে জানিয়ে বিসিবি'র ডাউনস কমিটির চেয়ারম্যান আরও বলেন, ‘ডিসেম্বরে টুর্নামেন্টে বেশির ভাগ খেলা বরিশালে হোক, সেটাই আমরা চাই। নতুন স্টেডিয়াম হিসেবে আমরা বিষয়টিকে গুরুত্বসহকারে দেখছি।’ তিনি আরও বলেন, ‘যেসব জায়গায় নতুন স্টেডিয়াম হয়েছে, সেসব স্টেডিয়ামেই জাতীয় পর্যায়ের খেলা পাওয়ার দাবিদার। বরিশালে আন্তর্জাতিক ও জাতীয় পর্যায়ের ক্রিকেট ফেরানোর বিষয়েও বিসিবি কাজ করছে।’ শাহনিয়ান তানিম বলেন, ‘আমরা খুবই আত্মবিশ্বাসের সঙ্গে বলছি, বরিশালে আমরা বাংলাদেশের ক্রিকেট আনতে চাই। সেদিক বিবেচনা করেই আমরা কাজ করছি।’ পরিদর্শনকালে জেলা ক্রীড়া অফিসার সিহদুল ইসলামসহ স্থানীয় ক্রীড়া সংস্থার নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। বরিশাল কবি জীবনানন্দ দাস স্টেডিয়ামের সংস্কার শেষ হলে সেখানে জাতীয় পর্যায়ের ক্রিকেট আয়োজনের পাশাপাশি নিয়মিত বড় পরিসরে ম্যাচ আয়োজনের সুযোগ তৈরি হবে বলে আশা করছেন সংশ্লিষ্ট ব্যক্তির।

সংঘাত ছেড়ে সমঝোতার

মাধ্যমে হয়রানির রাজনৈতিক সংস্কৃতি থেকে বেরিয়ে এসে দেশের স্বার্থে সবাইকে একসঙ্গে কাজ করতে হবে। এ প্রসঙ্গে দক্ষিণ আফ্রিকার রাজনৈতিক পরিবর্তনে নেলসন ম্যান্ডেলার ভূমিকার কথা উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, দীর্ঘদিনের সংঘাত ও রক্তপাতের অবসান ঘটিয়ে রাজনৈতিক সমঝোতার মাধ্যমে সেখানে শান্তিপূর্ণ পরিবেশ সৃষ্টি করা হয়েছিল। রাজনৈতিক দূরদর্শিতা, সহনশীলতা ও পারস্পরিক সমঝোতার মাধ্যমে একটি দেশকে এগিয়ে নেওয়া সম্ভব।

বরিশালে সাবেক শিক্ষিকার

ভেতর থেকে দুর্গন্ধ ছড়ানোয় তাঁর বড় ছেলেকে খবর দেওয়া হয়। সকালে রিফাত পৌছে পুলিশে খবর দেন। পরে পুলিশ দরজা ভেঙে মরদেহ উদ্ধার করে। বরিশাল মেট্রোপলিটন পুলিশের উপপুলিশ কমিশনার সূশান্ত সরকার বলেন, তালো ভেঙে পুলিশ ভেতরে প্রবেশ করে। সেখানে কাপড়েই হাত-পা বাঁধা অবস্থায় খাটের ওপর আঁমিনা খানমের মরদেহ মেলে। মরদেহের ময়নাতদন্ত হয়েছে। হত্যাকাণ্ডে জড়িতদের প্রেঙ্কারের চেষ্টা চলছে।

বাস্তবতা বুঝে জানুয়ারি থেকে

মধ্যে স্থানীয় সরকার নির্বাচন আয়োজনের প্রয়োজনীয় পদক্ষেপ নেবে ইসি। এ ক্ষেত্রে যেখানে যে ধরনের ব্যবস্থা নেওয়া প্রয়োজন, তা নেওয়া হবে। বৃহস্পতিবার আগারগাঁওয়ের নির্বাচন ভবনে ইউনেসকোর প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এবাব কথা বলেন ইসি সচিব। জানুয়ারি থেকে জুনের মধ্যে স্থানীয় সরকার নির্বাচন আয়োজনের কথা বলেছেন স্থানীয় সরকার প্রতিমন্ত্রী। এ বিষয়ে ইসির ভাবনা জানতে চাইলে সচিব বলেন, এখনো পর্যন্ত কমিশন এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়নি। আপনারা জানেন, ১৭ সেপ্টেম্বর একটি আন্তঃমন্ত্রণালয় বৈঠক হয়েছিল। সেখানে বিভিন্ন ধরনের মতামত দেওয়া হয়েছে, সময়সূচির বিষয়েও আলোচনা হয়েছে। আমাদের সম্মানিত সহকর্মীরাও বিভিন্ন প্রস্তাব দিয়েছেন। কাজেই ওই প্রস্তাবের ওপর ভিত্তি করে এখনই আমরা কোনো চূড়ান্ত সিদ্ধান্তে যেতে পারি না। ইসি সচিব বলেন, মাননীয় মন্ত্রী মহোদয় জানুয়ারি থেকে জুনের কথা বলেছেন। তাহলে একটা রেকার্ডেপ তো পাওয়া গেলই। রেকার্ডেপ পাওয়া গেলে সেভাবে আমরা হয়তো বাকি কাজগুলো এগিয়ে নিয়ে যাব। যেহেতু আজকে এ বিষয়ে কথা বলছেন, ইটস টু আর্লি ফর মি টু কমেন্ট। তবে আমরা মনে হয়, বিষয়টি কমিশনে আমি জানার এবং আপনাদের দেওয়া রেকার্ডেপ হিসেবেই জানার। স্থানীয় সরকার নির্বাচন সূত্ৰভাবে আয়োজনের জন্য নোবাবাহিনী মোতায়েনের প্রয়োজন হবে কি না—এমন প্রশ্নের জবাবে যিসি সচিব বলেন, বিষয়টি ভবিষ্যতের ব্যাপার। নির্বাচনের ব্যবস্থাপনায় প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ আমাদের বিষয়টি বিবেচনা করা হবে। ইসি সচিব আখতার হোসেন বলেন, যেকোনো একটি নির্বাচন ব্যবস্থাপনায় সুস্থতা ও সুষ্ঠুতা সবাই চায়। যেকোনো প্রেক্ষাপটে সবাই সেটাই চাইবে। এটাই তো কথা। আমরা ১২ ফেব্রুয়ারি একটি ভালো সংসদ নির্বাচন করছি। সেটিই তো আমাদের প্রত্যাশার জায়গা রাখার উপরে। ওসলে হবে, নাকি নিচে নামাং? আমরা অবশ্যই ওপরে নেব। ইসি সচিব বলেন, যেকোনো প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে। এখন যেকোনো ধরনের ব্যবস্থা নেওয়ার বিষয়টির ব্যাপ্তি অনেক। আমি বলছি, প্রয়োজনীয় যেটা মেখানে সরকার, সেখানে সেই প্রয়োজনীয় ব্যবস্থাই নেওয়া হবে। স্থানীয় সরকার নির্বাচনের প্রস্তুতি কত দূর—এমন প্রশ্নের জবাবে আখতার আহমেদ বলেন, প্রস্তুতির সংজ্ঞাটা আগে বুঝতে হবে। তেওট আয়োজনের জন্য প্রয়োজনীয় উপাত্ত ও উপকরণগুলো কী কী, সেগুলোও বিবেচনায় নিতে হবে। ইসি সচিব বলেন, ভোটার তালিকা আছে। ভোটারের জন্য উপকরণ আছে, ভোটকেন্দ্রও আছে। এখন আমাদের স্থানীয় বাস্তবতাগুলো বুঝে নিতে হবে। স্থানীয় বাস্তবতার বিষয়টি ব্যাখ্যা করে আখতার হোসেন বলেন, স্থানীয় বাস্তবতাগুলো কী? এসএসসি পরীক্ষা, রোজা, বিভিন্ন ধর্মীয় উৎসব, জাতীয় পর্যায়ের বিভিন্ন কর্মসূচি থাকে—এগুলোসহ আরও অনেক বিষয় রয়েছে। এগুলো বিবেচনায় নিয়ে আমরা একটি সুস্থ সমাধানের আসব, ইনশাআল্লাহ।

সাংগঠনিক পদক্ষেপ যথেষ্ট নয়

সদস্য (এমপি) ফেরদৌসী আহমেদ মিষ্টি পদত্যাগ করেছেন। এর প্রতিক্রিয়ায় জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা শফিকুর রহমান বলেনে, সাংগঠনিক পদক্ষেপ যথেষ্ট নয়, কঠোর শাস্তি নিশ্চিত করতে হবে। বৃহস্পতিবার নিজের ভেটরিফারেড ফেসবুক অ্যাকাউন্টে এক পোস্টে তিনি এমনটি লেখেন। রাভের অন্ধকারে রাড্ডা ক্লিনিক দখলের ঘটনায় অবশেষে সরকার ও সরকারি দল বাধ্য হয়ে সাংগঠনিক পদক্ষেপ নিতে শুরু করেছে বলে মন্তব্য করেন শফিকুর রহমান। তিনি বলেন, কিন্তু এত বড় অপকর্মের জন্য শুধু সাংগঠনিক পদক্ষেপ মোটেই যথেষ্ট নয়। কালজিটদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নিয়ে কঠোর শাস্তি নিশ্চিত করতে হবে। দেশব্যাপী দৃশ্যমান ও বিশ্বাসযোগ্য আইনি পদক্ষেপ দেনতে চায়। জামায়াত আমির আরও বলেন, ক্ষতিগ্রস্ত ও লুণ্ঠিত রাড্ডা এমসিএইচ-একটি পেস্টার টেকসইভাবে পুনর্নির্মাণের দায়িত্বও সরকারকে পালন করতে হবে। প্রসঙ্গত, দুপুরে শিপকার হাফিজ উদ্দিন আহমদের কাছে পাঠানো একটি চিঠিতে নিজের পদত্যাগের কথা জানিয়েছেন বিএনপির সংরক্ষিত নারী আসনের এমপি ফেরদৌসী আহমেদ মিষ্টি। পরে সংসদ সচিবালয় এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, তাঁর পদত্যাগপ্রাপ্তি গৃহীত হয়েছে। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের এমপি ফেরদৌসী আহমেদ পদত্যাগ করায় ত্রয়োদশ জাতীয় সংসদের ৩২৬ নারী আসন-২৩ গণজন্মভূমি বাংলাদেশের সংবিধানের ৬৭(২) অনুচ্ছেদ অনুযায়ী উক্ত তারিখে শূন্য হয়েছে।

ডিসেম্বর ডিসেম্বর করছেন

সৃষ্টি করতে পারবে বলে আমি বিশ্বাস করি না’, বলেছেন স্বরষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমাদ। ডিসেম্বর মাস ঘিরে কার্যক্রম নিবিদ্ধ আওয়ামী লীগের অস্থিরতা সৃষ্টির আশঙ্কা নিয়ে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। বৃহস্পতিবার (১ অক্টোবর) রাজধানীর তেজগাঁওয়ে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর নতুন সদর দপ্তরে ‘গুভার্নর ফলক’ উন্মোচন অনুষ্ঠানে এ কথা বলেন স্বরষ্ট্রমন্ত্রী। পরে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন তিনি। ডিসেম্বর ঘিরে অস্থিরতা সৃষ্টির আশঙ্কা প্রসঙ্গে সালাহউদ্দিন আহমদ বলেন, ‘আপনারা ডিসেম্বর ডিসেম্বর করছেন কেন, ডিসেম্বর তো আমাদের বিজয়ের মাস। ডিসেম্বর কোনো অসুস্থকি এখানে অস্থিরতা সৃষ্টি করতে পারবে বলে আমি বিশ্বাস করি না। দেশে যৌথ অভিযানের কোনো আনুষ্ঠানিক সিদ্ধান্ত নেওয়া হয়নি জানিয়ে স্বরষ্ট্রমন্ত্রী বলেন, পুলিশ, বিজিবি, এসআরবি ও আনসার বাহিনীর সমন্বিত কার্যক্রম একটি নিয়মিত প্রক্রিয়া। সন্ত্রাস, চাঁদাবাজি ও মাদক নগলে এবাব বাহিনী নিয়মিতভাবে সমন্বিতভাবে কাজ করছে। ভবিষ্যতে এ কার্যক্রম আরও জোরদার করা হবে। আনসার বাহিনীর নতুন সদর দপ্তর প্রসঙ্গে মন্ত্রী বলেন, বাংলাদেশ আনসার ও ভিডিপির একটি সুপরিকল্পিত ও উপযুক্ত স্থানে নিজস্ব সদর দপ্তর স্থাপনের দীর্ঘদিনের আকাঙ্ক্ষা পূরণ হবে যাকরই। গণপূর্ত মন্ত্রণালয়ের পক্ষ থেকে সদর দপ্তর নির্মাণের জন্য ৩ দশমিক ৪৮৮ একর, অর্থাৎ প্রায় ১১ বিঘা জমি বরাদ্দ দেওয়া হয়েছে। তিনি বলেন, বর্তমানে খিলগাঁওয়ে অপরিসর জায়গায় আনসার সদর দপ্তরের কার্যক্রম পরিচালিত

হচ্ছে। সেখানে স্থান সংকুলানের পাশাপাশি যাতায়াত ব্যবস্থারও সীমাবদ্ধতা রয়েছে। এসব সমস্যা দূর করতে নতুন স্থানে আধুনিক ও বৃহৎ অবকাঠামো গড়ে তোলা হবে। স্বরষ্ট্রমন্ত্রী জানান, বর্তমানে দেশে প্রায় ২০ হাজার ব্যাটালিয়ন আনসার ও ৬০ হাজার অস্বীভূত আনসার সদস্য রয়েছেন। এ ছাড়া ৩৫ হাজার ভিডিপি দলনেতার অধীনে প্রায় ৬০ লাখ প্রশিক্ষিত জনবল রয়েছে। নিয়মিত ও অনিয়মিত মিলিয়ে আনসার বাহিনী দেশের সর্ববৃহৎ ফোর্স বলেও উল্লেখ করেন তিনি। কেন্দ্রীয়ভাবে দায়িত্ব পালনকারী আনসার সদস্যদের আবাসন সংকট নিরসনে ঢাকার আভলিয়া ও শেরেবাংলা নগরে অতিরিক্ত সুযোগ-সুবিধা তৈরি করা হচ্ছে বলেও জানান মন্ত্রী। সেখানে ডরমিটরি ও ব্যারাক নির্মাণের মাধ্যমে আবাসন সংকট মোকাবিলার উদ্যোগ নেওয়া হয়েছে। জুলাইয়ের গণঅভ্যুত্থানসহ বিভিন্ন জাতীয় সংকট ও আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনসার বাহিনীর অবদানের প্রশংসা করেন স্বরষ্ট্রমন্ত্রী। একই সঙ্গে বাহিনীর সদস্যদের আর্থিক ও অন্যান্য পর্যায়ক্রমিক দারি-দাওয়া পূরণে সরকারের অঙ্গীকার পুনর্বক্ত করেন তিনি। বিভিন্ন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের দায়িত্বে অবহেলা বা অপরাধমূলক কর্মকাণ্ডের বিষয়ে সালাহউদ্দিন আহমদ বলেন, কারও বিরুদ্ধে এমন অভিযোগের প্রমাণ পাওয়া গেলে শুধু দায়িত্ব থেকে প্রত্যাহার নয়, যথাযথ বিভাগীয় ও আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে। পাশাপাশি অপরাধের ধরন অনুযায়ী ফৌজদারি মামলা দায়ের করা হচ্ছে। ঢাকার ট্রাফিক ব্যবস্থাপনা নিয়ে স্বরষ্ট্রমন্ত্রী বলেন, যানজট ও বিশৃঙ্খলা কমাতে অটোমেশন ও কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির ব্যবহার শুরু হয়েছে। এর মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে মামলা প্রক্রিয়া সম্পন্ন হচ্ছে এবং সড়কে যানবাহন চলাচলে শৃঙ্খলা ফিরছে। এ ছাড়া সড়ক খনন ও নির্মাণকাজের কারণে যাতে যানজট সৃষ্টি না হয়, সে জন্য পুরো রাস্তা একসঙ্গে না কেটে খণ্ড খণ্ডভাবে কাজ শেষ করে দ্রুত পুনর্নির্মাণের নির্দেশনা দেওয়া হয়েছে বলেও জানান তিনি। প্রেস ব্রিফিংয়ে স্বরষ্ট্র মন্ত্রণালয়ের নিয়ন্ত্রর সচিব মনজুর মোর্শেদ চৌধুরী, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালক মেজর জেনারেল আবদুল মোতালেব সাজ্জাদ মাহমুদ পিএসসি প্রমুখ উপস্থিত ছিলেন।

অন্যাকাজ্জিত ঘটনাকে পুঁজি

প্রধানমন্ত্রী তারেক রহমান। ফেনীর পরগুামে মুহুরী-কছাা বন্যা অভিযন্ত্রণ, নিক্ষেপন ও সেচ প্রকল্পের উদ্বোধন শেষে তিনি এই উল্লেখগণ করেন। বৃহস্পতিবার বেলা তটার দিকে পরগুাম উপজেলার ঘাটঘর এলাকায় ১ হাজার ৫৪২ কোটি ১৬ লাখ টাকার ‘মুহুরী-কছায়া বন্যা নিয়ন্ত্রণ, নিক্ষেপন ও সেচ প্রকল্পের পুনর্বাসন (প্রথম পর্যায়)’ প্রকল্পের উদ্বোধন শেষে আয়োজিত শুভচোরা বিনিময় অনুষ্ঠানে বক্তব্য দেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী বলেন, ‘কিন্তু কিছু দুষ্ট মানুষ অন্যাকাজ্জিত ঘটনা ঘটাত্ছে। বিএনপিকে যখন এ দেশের মানুষ দায়িত্ব দিয়েছে, বিএনপি তার সর্বশক্তি দিয়ে নিশ্চিত করবে—আইন সবার জন্য সমান। অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হয়, আমরা দেখছি, কিছু রাজনৈতিক দল কিছু অন্যাকাজ্জিত ঘটনাকে পুঁজি করে দেশে অরাজকতা তৈরি করার চেষ্টা করছে।’ তারেক রহমান বলেন, ‘এখানে বহু মুন্কির উপস্থিত আছেেন, যাঁরা এখন অরাজকতা সৃষ্টির চেষ্টা করছেন। ১৯৭১ সালে তাঁদের কী ভূমিকা ছিল, আমরা দেখেছি। সেই সময় তাঁরা যেভাবে অন্যা্য করেছিলেন, মা-বোনদের হয়রানি-নির্ধাতন করেছিলেন, আমরা দেখছি।’ ‘১২ তারিখের নির্বাচনে কয়েকজন মানুষকে বিভ্রান্ত করে তাঁরা কিছু আসনে নির্বাচিত হয়েছেন’ উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, ‘যেভাবে একাত্তর সালে মা-বোনদের ওপর তাঁরা নির্ধাতন করেছিলেন, ঠিক একইভাবে আবারও তাঁদের নারী নির্ধাতন শুরু হয়েছে। এই গুণ্ড বাহিনীর সদস্যরা কীভাবে নারীদের ওপর নির্ধাতন করছেন, আমরা তা দেখছি। শুধু নির্ধাতন করবে তাঁরা ক্ষান্ত হননি। তদন্তধীন বিষয়ে আমি কোনো মন্তব্য করতে চাই না। একটি মানুষের জীবনাবসান করে দিয়েছেন তাঁরা।’ প্রধানমন্ত্রী বলেন, ‘আজকে সময় এসেছে আমাদের সতর্ক হওয়ার। সময় এসেছে ভাবার—কাদের কথা বিশ্বাস করব আর কাদের কথা বিশ্বাস করব না।’ বিভিন্ন গণমাধ্যমে ওই দলের নেতাদের বক্তব্যের প্রসঙ্গে তারেক রহমান বলেন, ‘দয়া করে নিজের ঘরের দিকে আগে তাকান। নিজের ঘরের লোকেরা কীভাবে নারী নির্ধাতন করছে, কীভাবে কী করছে, সেটি আগে সাপাল দেন। তারপর অন্যকে কিছু বলতে পারেন।’ নিজের নানাবাড়িতে আসার স্মৃতিচারণ করে প্রধানমন্ত্রী বলেন, ‘বহু বছর পর নানাবাড়িতে আসলাম। প্রথম আমি এখানে এসেছিলাম ১৯৮৪ সালে সম্ভবত। তারপর ১৯৯১ সালে আপনাদের মেয়ে মরহুমা বেগম খালেদা জিয়াকে যখন নির্বাচিত করেছিলেন, তখন নির্বাচনী কার্যক্রমে অংশগ্রহণ করেছিলাম। তখন এ রাস্তা ছিল না।’ তারেক রহমান বলেন, ‘কাজ করতে হবে দেশের জন্য, দেশের মানুষের জন্য। কাজ করতে হবে নানাবাড়ির মানুষের জন্য। সেই কাজের অংশ হিসেবে আজ মুহুরী-কছায়া নদীর পুনঃখনন কাজ শুরু করছি।’ মুহুরী-কছায়া নদী খননের প্রয়োজনীয়তা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, বেশি দিন আগের কথা নয়, দুই-আড়াই বছর আগে বিশাল একটি বন্যা হয়েছিল। এখানকার মানুষসহ নোয়াখালী-লক্ষ্মীপুরের লাখ লাখ মানুষের বাড়িঘর ভেসে গিয়েছিল। প্রধানমন্ত্রী বলেন, ‘নদী-খাল খনন করব—নির্বাচনের আগে এ কথা আমরা বলেছিলাম। কারণ, বিএনপি রাজনীতি করে মানুষের জন্য। খাল খনন করা যে কতটা প্রয়োজন, তা বন্যা হোক বা কৃষিজমিতে পানি দেওয়া কিংবা মানুষের পানি ব্যবহারের সুবিধার জন্য হোক—বিভিন্ন কারণে বোঝা যায়।’

স্কুলে যাবার কথা বলে ঢাকায় তিন

এলাকায় অভিযান চালায়। বৃহস্পতিবার সকালে শ্যামপুরের সোনিয়া ডাঃই হাউস নামের একটি ছাপা কারখানা থেকে তাদের উদ্ধার করা হয়। পুলিশ ও স্থানীয় সূত্রে আরও জানা গেছে, সুবর্ণার প্রতিবেশী সুমি (৩০) ঢাকায় চাকরি করেন। পূর্বপািচায়ের সূত্রে সুবর্ণার সঙ্গে তার যোগাযোগ ছিল। ওই যোগাযোগের মাধ্যমে তিন ছাত্রী চাকরির উদ্দেশ্যে ঢাকায় যায়। পরে তারা সোনিয়া ডাঃই হাউসে কাজে যোগ দেয়। পুলিশ তাদের উদ্ধার করে বাকেরগঞ্জ থানায় নিয়ে যায়। বাকেরগঞ্জ সাকেলের অতিরিক্ত পুলিশ সুপার মো. মাসুম বি্লাহ ব বলেন, তথ্যপ্রযুক্তির সহায়তায় নিখোঁজ তিন ছাত্রীরা অবস্থান শনাক্ত করা হয়। বাকেরগঞ্জ থানা-পুলিশ কদমতলী থানা-পুলিশের সহযোগিতায় ঢাকার শ্যামপুর এলাকায় অভিযান চালিয়ে তাদের উদ্ধার করে। পরে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

রাজধানীতে বাউফলের সাবেক

আওয়ামী লীগ সরকারের পতনের পর জিয়াউল হক জুয়েলের বিরুদ্ধে বাউফলে বিএনপির কার্যালয় ভাঙরুসহ কয়েকটি মামলা দায়ের করা হয়। এরপর থেকে তিনি আত্মগোপন ছিলেন বলে স্থানীয় সূত্রে জানা গেছে। তবে কী কারণে বা কোন মামলায় প্রেঙ্কার করা হয়েছে, তা নিশ্চিত হওয়া যায়নি। প্রেঙ্কার জিয়াউল হক জুয়েল বাউফল মুসলিমশাড়া ৩ নম্বর ওয়ার্ডের ডা. নাসির উদ্দিনের ছেলে। তিনি বাউফল পৌরসভার দুবার মেয়র ছিলেন। এদিকে জিয়াউল হক জুয়েলকে প্রেঙ্কারের ঘটনায় তীব্র ক্ষোভ প্রকাশ করে ফেসবুকে পোস্ট দিয়েছেন আত্মগোপনে থাকা বাউফল উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল মোতালেব হাওলাদার। তিনি ফেসবুক স্ট্যাটােসে জিয়াউল হক জুয়েলের মৃত্তি দাবি জানিয়েছেন। বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম প্রেঙ্কারের বিষয়টি নিশ্চিত করে বলেন, ‘তাকে মিস্টাে ঘোড়ে ডিবি কার্যালয়ে রাখা হয়েছে। তার বিরুদ্ধে বাউফল থানায় তিনটি মামলায় ওয়ারেন্টসহ দুটি মামলা রয়েছে।’

মহাসড়ক খ্রি-হুইলারের দখলে

রাস্তায় দাঁড়িয়ে থাকা পুলিশ এগুলো দেখেও না দেখার ভান করছে। আমরা জানি, মহাসড়ক থেকে এই গ্রি-হুইলার বন্ধে মহামান্য হাইকোর্ট থেকে আদেশ থাকলে কোনো এক অজানা কারণে তা বন্ধ হচ্ছে না। আর এই অনিয়ন্ত্রিত তিনঢাকার গাড়ি বরিশাল-ঢাকা মহাসড়ক থেকে বন্ধ করতে না দিশদিন প্রাণহানীর ঘটনা বাড়তেই থাকবে।

মো: মুশফিকুর রহমান শাহিন

ক্ষুদ্র ব্যবসায়ী, বরিশাল

ভারতীয় নাগরিক এবার

রাষ্ট্রপক্ষের আইনজীবী শামসুদ্দোহা সুমন বিষয়টি নিশ্চিত করেছেন। এদিকে রিমাড অবদেনে বলা হয়, আসামির জন্য ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের উত্তর চব্বিশ পরগনা জেলার মাটিয়া থানার গোঁড়িবোজ গ্রামে। তাকে ডিএমপি'র একটি জিউর সূত্রে ফৌজদারি কার্যবিধির ৫৪ ধারায় প্রেঙ্কার করে আদালতে সোপর্দ করা হয়েছিল। পরবর্তী সময়ে টিএফআই সেনেল মাধ্যমে তাকে দুই দফায় জিজ্ঞাসাবাদ করা হয়। ‘জিজ্ঞাসাবাদ ও কাগজপত্র পর্যালোচনায় পুলিশ দেখতে পায়, রবিউল ইসলামের কাছ থেকে উদ্ধার হওয়া পাসপোর্ট ও ড্রাইভিং লাইসেন্সের জন্মতারিখে অমিল রয়েছে। তিনি ভারতীয় নাগরিক হলেও তার পাসপোর্টে জন্মস্থান সৌদি আরবের রিয়াদ উল্লেখ করা আছে। আসামি জানায়, সে প্রায় ১০-১২ বছর ধরে একাধিকবার বাংলাদেশে যাতায়াত করেছেন। কখনও ট্রানিস্ট আবার কখনও বিজনেস ভিসায় তিনি দেশে প্রবেশ করতেন। তবে, মূলত পর্যটন ও ব্যবসায়ের অভ্যালে তিনি গুণ্ডারবৃত্তি চালাতেন এবং বিদেশি গ্যোয়েন্দা সংস্থার কাছে গুরুত্বপূর্ণ তথ্য পাচার করতেন বলে জানা যায়। তদন্ত কর্মকর্তা অবদেন আরও উল্লেখ করেন, আসামি গত ২০২৬ সালের ১৪ সেপ্টেম্বরে সাতক্ষীরা জেলার ভোমরা স্থলবন্দর দিয়ে বাংলাদেশে প্রবেশ করেন। এরপর ১৫ থেকে ২২ সেপ্টেম্বর পর্যন্ত ঘটনাস্থলে অবস্থান করে রাষ্ট্রের নিরাপত্তা ও স্বার্থপরিপাক্ত কাজ চালিয়েছেন। সরকারি গুরুত্বপূর্ণ স্থাপনা ও নিষিদ্ধ এলাকার ছবি তোলা, স্পর্শকাতর নথি ও তথ্য সংগ্রহ করে বিদেশি গ্যোয়েন্দা সংস্থার কাছে পাঠানোর চেষ্টা করছিলেন। এমন সংবাদের ভিত্তিতে ডিবি পুলিশ তাকে প্রেঙ্কার করে। আসামির বিরুদ্ধে দ্য অফিশিয়াল সিক্রেটস অ্যাক্ট, ১৯২৩-এর পৃথক ধারায় অপরাধ প্রতীয়মান হয়েছে। তিনি বাংলাদেশে কোনো জাতির ষড়যন্ত্র বা বাংলাদেশবিরোধী কোনো বড় চক্রের অংশ হিসেবে কাজ করছিলেন কিনা— তা যাচাই এবং মামলার সুষ্ঠু তদন্তের স্বার্থে তাকে ১০ দিনের নিবিড় পুলিশ হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদের আবেদন জানানো হয়। এর আগে, গত ২৩ সেপ্টেম্বর তাকে চার দিনের রিমাডে পাঠানো হয়। পরে ২৭ সেপ্টেম্বর তাকে ফের রিমাডে পাঠানো হয়।

জাতীয় তাফসির প্রতিযোগিতা

১৭৯, সিলেটে ২৫০, বরিশালে ১৪৮, রংপুরে ১৬৭ এবং ময়মনসিংহে ১৮৭ জন রয়েছেন। ঢাকা বিভাগের পরীক্ষা হবে মদীনাতুল উলুম মডেল ইনস্টিটিউট কামিল মাদ্রাসায় (মিনন মদ্রাসা)। চট্টগ্রামে নেছারিয়া কামিল (এমএ) মদ্রাসা, খুলনায় খুলনা মেট্রোপলিটন জেলা মডেল মাদ্রিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, রাজশাহীতে মদীনাতুল উলুম কামিল মাদ্রাসা এবং সিলেটে ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয় কার্যালয় ও ইমাম প্রশিক্ষণ অ্যাকাডেমিতে পরীক্ষা হবে। এ ছাড়া বরিশালে কাশিপুর হাইস্কুল অ্যান্ড কলেজ, রংপুরে জেলা মডেল কলেজ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র এবং ময়মনসিংহে নাসিরাবাদ বিশ্ববিদ্যালয় কলেজে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার পূর্ণমান ৫০ এবং সময় এক ঘণ্টা। প্রশ্নপত্রের এক কথায় উত্তর, সংক্ষিপ্ত উত্তর ও সংক্ষিপ্ত বিস্ত্রেণধর্মী প্রশ্ন থাকবে। পরীক্ষাদায়ের কলম সঙ্গে নিয়ে আসতে হবে এবং পরীক্ষা শুরুর অন্তত ৩০ মিনিট আগে কেন্দ্রে উপস্থিত হতে বলা হয়েছে। ইসলামিক ফাউন্ডেশন জানায়, লিখিত পরীক্ষার উত্তরগত মূল্যায়ন করে সেদিনই তাদের ওবেবসাইট, ফেববুক পেজ ও সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ের নোটিশ বোর্ডে ফল প্রকাশ করা হবে। উত্তীর্ণদের মৌখিক পরীক্ষার সময়সূচি সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় থেকে জানানো হবে। এ প্রতিযোগিতায় জাতীয় ও বিভাগীয় পর্যায়ে মোট ১৬ লাখ ২০ হাজার টাকা নগদ পুরস্কার দেওয়া হবে। এর মধ্যে জাতীয় পর্যায়ে দুই প্রুপে ছয়জন বিজয়ীকে মোট ৯ লাখ টাকা এবং বিভাগীয় পর্যায়ে আট বিভাগে ৪৮ জন বিজয়ীকে মোট ৭ লাখ ২০ হাজার টাকা দেওয়া হবে। বিজয়ীদের ফ্রেস্ট ও সন্দপদ্রুতও দেওয়া হবে। জাতীয় পর্যায়ে চ্যাম্পিয়নরা ২ লাখ টাকা করে, প্রথম রানার্সআপ ১ লাখ ৫০ হাজার টাকা এবং দ্বিতীয় রানার্সআপ ১ লাখ টাকা করে পুরস্কার পাবেন। বিভাগীয় পর্যায়ে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বিজয়ী পাবেন যথাক্রমে ২০ হাজার, ১৫ হাজার ও ১০ হাজার টাকা। বিভাগীয় পর্যায়ে নির্বাচিত ৪৮ জন বিজয়ীকে নিয়ে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতার আগে ঢাকায় সাত দিনের ইন-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হবে। ইসলামিক ফাউন্ডেশনের পক্ষ থেকে নিবন্ধিত প্রতিযোগীদের যথাসময়ে নিজ নিজ পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়েছে।

নেছারাবাদে অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন, জরিমানা ৭০ হাজার

নেছারাবাদ প্রতিনিধি
পিরোজপুরের নেছারাবাদে অবৈধ বিদ্যুৎ সংযোগ ব্যবহার করে খামার চালানোর অভিযোগে এক ব্যবসায়ীকে ৭০ হাজার টাকা জরিমানা করেছে পল্টা বিদ্যুৎ সমিতি। একই উদ্দেশ্যে পিরোজপুরের খাঁড়াবাগ এলাকায় অভিযান চালিয়ে আরও কয়েকটি অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে।
দৈহারি ইউনিয়নের খাঁড়াবাগ এলাকায় সুবীর মঞ্জল নামের ওই ব্যবসায়ী দীর্ঘ দিন ধরে অবৈধ সংযোগ ব্যবহার করে খামার চালাচ্ছিলেন। সমপ্রতি একটি জাতীয় দৈনিকে এ নিয়ে প্রতিবেদন প্রকাশিত হলে পল্টা বিদ্যুৎ সমিতি সাত সদস্যের তদন্ত কমিটি গঠন করে। সরেজমিন তদন্তে অভিযোগের সত্যতা পাওয়ায় সুবীর মঞ্জলকে ৭০ হাজার টাকা জরিমানা করে ওই কমিটি। স্থানীয়রা জানান, এর আগে অবৈধ সংযোগের খবর সংগ্রহ করতে গেলে সজল মঞ্জল, অতু্পর্ মাঝি ও সুবীর মঞ্জলের লোকজন সাংবাদিকদের ওপর চড়াও করে। সে সময় তারা উল্টো সাংবাদিকদের ভিডিও ধারণ করে এবং মানহানির মামলার হুমকি দেয়। নেছারাবাদ পল্টা বিদ্যুৎ জেলাল অফিসের সহকারী জেনারেল ম্যানেজার (এজিএম) চন্দ্র শেখার বলেন, ‘অবৈধ সংযোগ ব্যবহারের অভিযোগে সুবীর মঞ্জলকে ৭০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। গত বুধবার খাঁড়াবাগ এলাকায় গিয়ে অবৈধ সাইট কানেকশনগুলো খুলে ফেলাতে বলা হয়েছিল।’ সতর্ক করার পরও সংযোগ না খোলায় বৃহস্পতিবার আবার অভিযান চালিয়ে অবৈধ সংযোগ থাকা খামারগুলোর মিটার বিচ্ছিন্ন করা হয়েছে বলে জানান এই কর্মকর্তা।

১৩ দিন ধরে নিখোঁজ বাউফলের

বন্ধ। প্রযুক্তিগত ট্র্যাকিংয়ে তার মোবাইলের সর্বশেষ অবস্থান সাতক্ষীয়ার দেখা গেলেও এরপর আর কোনো লোকেশন পাওয়া যায়নি। এ নিয়ে রহস্য আরও ঘনীভূত হয়েছে। দোকান কর্মচারী কামরুল ইসলাম জানান, বাসে ওঠার আগে সমীর ফোনে এক ব্যক্তিকে বলেছিলেন, “আপনি ওখানে ধাইকেন, আমি আসতেছি।” ওই ব্যক্তিটি কে, তা জানতে চায় পরিবার। সঞ্জিব আরও জানান, ঢাকার একটি প্রতিষ্ঠানের মাধ্যমে পণ্য কিনতেন সমীর এবং সেখানে তার প্রায় ৫ কোটি টাকা অগ্রিম জমা রয়েছে। এ ঘটনায় বাউফল থানায় সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছে। বাউফল সার্বজনীন কেন্দ্রীয় কালীমন্দিরের সভাপতি জীবন কৃষ্ণ সাহা বলেন, “১২ দিন ধরে একজন ব্যবসায়ী ও মন্দিরের দায়িত্বশীল ব্যক্তি নিখোজ থাকায় আমরা গভীর উদ্ভিগ্ন। প্রশাসন দ্রুত তাকে উদ্ধার করুক। বাউফল থানার ওসি সিরাজুল ইসলাম বলেন, “নিখোজ ব্যবসায়ীকে উদ্ধারে পুলিশের তৎপরতা অব্যাহত আছে। দেশের বিভিন্ন থানায় বার্তা পাঠানো হয়েছে।

আইন শিক্ষার্থীদের ন্যায়বিচার

